

**AKASHVANI (Kolkata)**  
**Regional News Unit**

**Date: 29-10-2025**

**Time : 7-35 AM**

**DEO : KB**

**Desk in Charge : SDG**

**Compiling : NBR**

**NR : NBR**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ ভোটার তালিকায় ‘বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী’তে কোনো বৈধ ভোটারের নাম বাদ যাবেনা বলে, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন।

২/ কেন্দ্রের ‘নির্ভয়া প্রকল্প’র আওতায় নারীদের বিরুদ্ধে সাইবার অপরাধ দমনে বিশেষ পরিকাঠামো গড়ে তুলছে কলকাতা পুলিশ।

৩/ ঘূর্ণিঝড় মন্ত্র-র প্রভাবে আজ’ও রাজ্যের উপকূলবর্তী জেলা সহ বেশ কিছু জায়গায় ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। ঝড় মোকাবিলায় সতর্কতামূলক সব ধরণের ব্যবস্থা নিতে নির্দেশ দিয়েছে সরকার।

৪/ চার দিনের জগন্নাতী পুজোর আজ মহাঅষ্টমী। আলোকনগরী চন্দননগরে উৎসবে মেতেছেন মানুষ।

৫/ সুপার কাপ ফুটবলে ইস্টবেঙ্গল চার-শূন্য গোলে চেন্নাইয়িন FC- কে পরাজিত করেছে। মোহনবাগান সুপার জায়ান্টস এবং ডেম্পো FC- র মধ্যে খেলাটি গোলশূণ্য হয়ে শেষ হয়েছে।

\*\*\*\*\*

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচিতে কোনো বৈধ ভোটারের নাম বাদ যাবে না। সংবিধান অনুযায়ী যাদের ভোটাধিকার স্বীকৃত তাদের আতঙ্কের কোনো কারণ নেই বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। রাজ্য SIR প্রক্রিয়ার সূচনায় তিনি গতকাল স্বীকৃত সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। সেখানে তৃণমূল কংগ্রেস, বামফ্রন্ট, কংগ্রেস এক সুরে SIR-এর নামে NRC চালু করার চেষ্টার অভিযোগ তোলে। এর প্রেক্ষিতে মুখ্য নির্বাচনী আধিকারিক প্রতিশ্রুতি দিয়েছেন, ১০০ শতাংশ স্বচ্ছভাবে ভোটার তালিকা তৈরি করা হবে। একাধিক পদ্ধতিতে সমস্ত ভোটারের তথ্য খরিয়ে দেখা হবে। SIR, এর আগেও হয়েছে বলে জানিয়ে শ্রী আগরওয়াল বলেন, সাংবিধানিক নিয়ম মেনেই গোটা প্রক্রিয়া চালানো হবে। নির্বাচন কমিশনের বিপুল সংখ্যক কর্মীদের পাশাপাশি থাকবে আধুনিক তথ্য নির্ভর ব্যবস্থা'ও। জেলায় জেলায় রাখা হবে হেল্প ডেস্ক।

( বাইট- মনোজ কুমার আগরওয়াল )

রাজ্য গতকাল থেকে শুরু হয়েছে SIR প্রক্রিয়া। একইসঙ্গে শুরু হয়েছে ফর্ম ছাপা ও BLO-দের প্রশিক্ষণের কাজ। চলবে তেসরা নভেম্বর পর্যন্ত। চোঁচা নভেম্বর থেকে পরবর্তী এক মাস এই এনুমারেশন প্রক্রিয়া চলবে। খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে ৯ ই ডিসেম্বর। ঐ দিন থেকে ২০২৬ এর ৮ ই জানুয়ারি পর্যন্ত এ সংক্রান্ত কোনো অভাব অভিযোগ বা আপত্তি জানানো যাবে। ৩১ শে জানুয়ারি পর্যন্ত সেই সংক্রান্ত শুনানি ও যাচাই-এর কাজ করা হবে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে ২০২৬-এর ৭ ই ফেব্রুয়ারি।

কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার এক ভিডিও বার্তায় বলেছেন, SIR-এর উদ্দেশ্যই হল, বৈধ ভোটারকে তালিকায় রেখে অবৈধ ভোটারকে তালিকা থাকে বাদ দেওয়া। তৃণমূল কংগ্রেস এব্যাপারে মানুষকে ভুল বোঝাচ্ছে বলেও অভিযোগ করেন।

( বাইট- সুকান্ত/ SIR )

\*\*\*\*\*

স্বচ্ছতার সঙ্গে নির্ভুল ভোটার তালিকার দাবীতে বামফ্রন্ট সহ ১০ টি বামপন্থী দলের পক্ষ থেকে আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দণ্ডের কাছে বিশ্বোভ কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম জানিয়েছেন, দুপুর ২'টোয় শুরু হবে এই কর্মসূচী। নির্বাচন কমিশনের মতো সাংবিধানিক সংস্থাকে যাতে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করা না হয়, সেজন্য স্মারকলিপি পেশ করা হতে পারে।

\*\*\*\*\*

ডিজিটাল দুনিয়ায় নারীদের নিরাপত্তা আরও সুনিশ্চিত করতে কেন্দ্রের 'নির্ভয়া প্রকল্পে'র তহবিল থেকে কলকাতা পুলিশের এলাকায় সাইবার অপরাধ দমনে বিশেষ পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। এর আওতায় প্রায় ৬ কোটি টাকা খরচ করে আধুনিক প্রযুক্তি-সমৃদ্ধ সাইবার অপরাধ তদন্ত ল্যাবরেটরি গড়ে তোলা হবে। পাশাপাশি চেলে সাজানো হবে তদন্তের নানা পরিকাঠামোও। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নির্ভয়া প্রকল্পের আওতায় এই উদ্যোগ গড়ে তোলা হবে বলে পুলিশ সুন্দরে জানা গিয়েছে। ইতমধ্যেই অত্যাধুনিক ডিজিটাল ফরেনসিক যন্ত্রপাতি সরবরাহ ও রক্ষণাবেক্ষণের জন্য ই-টেক্নার ডাকা হয়েছে।

\*\*\*\*\*

কসবা ল'কলেজে গণধর্ষণের ঘটনায় কলেজের অভিযুক্ত নিরাপত্তারক্ষী পিনাকী  
বন্দ্যোপাধ্যায়ের জামিন খারিজের আবেদন নিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ  
হয়েছেন নির্যাতিতা তরুণী। বিচারপতি চৈতালী চ্যাটার্জি দাসের বেঞ্চ মামলা দায়েরের  
অনুমতি দিয়েছেন। চলতি সপ্তাহেই মামলার শুনানির সম্ভাবনা।

উল্লেখ্য, গত ১৩ অক্টোবর আলিপুর জেলা ও দায়রা আদালত ২০ হাজার টাকার  
ব্যক্তিগত বল্ডে থেকে জামিন পান কলেজের নিরাপত্তা রক্ষী পিনাকী বন্দ্যোপাধ্যায়।  
নির্যাতিতার বক্তব্য ঘটনার সময় নিরাপত্তা রক্ষী উপস্থিত থাকলেও তিনি প্রতিবাদ  
করেননি বা এ ঘটনা আটকানোর কোনো চেষ্টা করেননি।

\*\*\*\*\*

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ অষ্টম দার্জিলিং সরস মেলার উদ্বোধন করবেন।  
দার্জিলিং চৌরাস্তার মোড়ে আয়োজিত এই অনুষ্ঠানের ভার্চুয়ালি উদ্বোধন করবেন  
তিনি। স্বনির্ভর গোষ্ঠীর জাতীয় স্তরের এই হস্তশিল্প মেলায় একাধিক শিল্পী অংশ  
নেবেন।

\*\*\*\*\*

একাদশ দ্বাদশ শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষার ফল, আগামী নভেম্বরের প্রথম  
সপ্তাহেই প্রকাশিত হতে পারে। ফল প্রকাশের এক সপ্তাহের মধ্যেই শুরু হবে  
ইন্টারভিউ। যদিও উচ্চ মাধ্যমিক স্তরে নিয়োগ পরীক্ষার পরে বেরোবে নবম-দশম  
পরীক্ষার ফল।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টের নির্দেশে এই নিয়োগ প্রক্রিয়া চলছে। আগামী ৩১শে  
ডিসেম্বরের মধ্যে সমগ্র প্রক্রিয়া শেষ করতে হবে।

\*\*\*\*\*

আর্থিক তচ্ছৰণের অভিযোগে ইডি গতকাল কলকাতার বেশ কয়েকটি জায়গায় তল্লাশি চালায়। বেলেঘাটায় ব্যবসায়ী দুই ভাই বিশ্বজিত ও রণজিত চৌধুরীর হেমচন্দ্র নক্ষর রোডের বাড়িতেও তল্লাশি চলে। এছাড়াও তাঁদের বাড়ির উল্টোদিকের একটি অফিসেও যায় ইডির দল। প্রিন্সেপ ঘাটের কাছে একটি অফিস থেকে বেশ কিছু গুরুত্বপূর্ণ নথি বাজেয়াপ্ত করেছেন আধিকারিকরা।

\*\*\*\*\*

অতি প্রবল ঘূর্ণিঝড় ‘মন্ত্রা’ অন্ন এবং ইয়ানন উপকূলের মাছলিপত্রনম ও কলিঙ্গপত্রনমের মধ্যে দক্ষিণ কাকিনারার নারসাপুরের কাছ থেকে স্থলভাগে প্রবেশ করে। মনথার প্রভাবে এ রাজ্যের বিভিন্ন জায়গায় গত সপ্তে থেকেই মেঘলা আকাশ এবং বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টি হচ্ছে। আজ উপকূলের দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলায় কোথাও কোথাও ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। কলকাতায় আগামীকাল পর্যন্ত বিক্ষিপ্ত বৃষ্টি হবে বলে আবহাওয়া দণ্ডের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

(বাইট- হবিবুর)

এদিকে, উত্তরবঙ্গের মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর এবং জলপাইগুড়ি জেলায় বৃষ্টির হলুদ সতর্কতা রয়েছে। আগামী ২ থেকে ৩ ঘণ্টায় হাওড়া, হগলী, দক্ষিণ চবিশ পরগনা এবং দুই মেদিনীপুর জেলায় বজ্রবিদ্যুৎ ও ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে দমকা হাওয়াসহ মাঝারি বৃষ্টিপাত হতে পারে বলে সাম্প্রতিক র্যাডার পর্যবেক্ষনে দেখা গেছে।

অন্যদিকে, আকাশ মেঘলা থাকায় বেড়েছে তাপমাত্রা। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৭ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের থেকে যা ৪ দশমিক ৪ ডিগ্রী বেশী।

\*\*\*\*\*

ঘূর্ণিঝড় মহার সতর্কতায় সব ধরনের ব্যবস্থা নেওয়ার জন্যে রাজ্য সরকার উত্তর ও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছে। পূর্বাভাস অনুযায়ী ঘূর্ণিঝড় মোকাবিলা ও সম্ভাব্য ক্ষয়ক্ষতির প্রস্তুতি নিয়ে মুখ্যসচিব মনোজ পত্ত গতকাল নবান্ন থেকে দুই চবিশ পরগণা, পূর্ব মেদিনীপুর-এর মত উপকূলবর্তী জেলা ছাড়াও উত্তরবঙ্গের বিভিন্ন জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। সেখানে তিনি মাঠে থাকা ফসল ছাড়াও সামগ্রিক পরিস্থিতির উপরে নজর রাখার জন্যে নির্দেশ দেন। পর্যাপ্ত ত্রাণ সামগ্রী মজুত রাখার পাশাপাশি বিপর্যয় ব্যবস্থাপন বাহিনী, সেচ, বিদ্যুৎ দণ্ডের কর্মীদের প্রস্তুত থাকতে বলা হয়েছে।

\*\*\*\*\*

চারদিনের জগন্নাত্রী পুজোর আজ মহাষ্টমী। আলোকনগরী হগলীর চন্দননগর সহ সংলগ্ন এলাকায় উৎসবে মেতেছেন মানুষ। গতকাল রাতভর চলে প্রতিমা দর্শনের পাশাপাশি অভিনব আলোকসজ্জা প্রত্যক্ষ করেন মানুষ।

চন্দননগর থেকে আমাদের প্রতিনিধি রঞ্জিম ভট্টাচার্যের একটি প্রতিবেদন-

(ভিসি- রঞ্জিম)

\*\*\*\*\*

জগন্নাত্রী পুজোর বিসর্জনে যাত্রী চলাচলের কথা বিবেচনা করে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আগামীকাল ও শুক্রবার রাতে কৃষ্ণনগর রানাঘাটের মধ্যে একজোড়া বিশেষ ট্রেন পরিষেবা দেবে। ওই দুদিন রানাঘাট ও কৃষ্ণনগর থেকে রাত ১১ টা ৪৫ মিনিট

ও রাত সাড়ে ১২'টায় একটি করে বিশেষ ট্রেন ছাড়বে। যেগুলি যাতায়াতের পথে ফ্ল্যাগ ও হল্ট ষ্টেশন সহ সব স্টেশনে থামবে বলে রেল সূত্রের খবর।

এদিকে, ছট পুজো উপলক্ষ্যে অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে বিহারের Siwan ও কলকাতার মধ্যে অসংরক্ষিত এক জোড়া বিশেষ ট্রেন চালানো হবে। ট্রেনটি আজ দুপুর ১২ টা ৫৫ মিনিটে সিওয়ান থেকে ছেড়ে আগামীকাল সকাল ৬ টায় কলকাতায় পৌঁছাবে। ফিরতি পথে কলকাতা থেকে আগামীকাল সকাল ৯ টায় ট্রেনটি ছাড়বে। যাতায়াতের পথে সেটি উভয় দিকে নৈহাটি, ব্যান্ডেল, বর্ধমান, দুর্গাপুর, আসানসোল, চিত্তরঞ্জন, মধুপুর, জসিডি, বারাণ্সি, কিউল, Barauni, Samastipur, Muzaffarpur, Hajipur, এবং ছাপড়া ষ্টেশনে থামবে বলে রেল সূত্রের খবর।

\*\*\*\*\*

কলকাতার গড়িয়াহাট রোডে, একটি তিনতলা বাড়ির দোতলায় এসবিআই ব্যাক্সে আজ সকাল ৬ টা নাগাদ আগুন লাগে। দমকলের ছয়টি গাড়ি ঘটনাস্থলে গেছে। আগুন নেভাবার কাজ চলছে। এখনো পর্যন্ত ক্ষয়ক্ষতি বা হতাহতের কোনো খবর নেই।

\*\*\*\*\*

গোয়ার ফতোরদা স্টেডিয়ামে সুপার কাপ ফুটবলে গতকাল মোহনবাগান সুপার জায়ান্টস এবং ডেস্পো FC- র মধ্যে খেলাটি গোলশূণ্য হয়ে শেষ হয়েছে। এর ফলে মোহনবাগান দুই ম্যাচে চার পয়েন্ট সংগ্রহ করে গ্রুপ-এ-তে দ্বিতীয়স্থানে রয়েছে।

অন্যদিকে ব্যাস্তোলিমে ইস্টবেঙ্গল চার-শূন্য গোলে চেন্নাইয়িন FC- কে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

ইডেনে চারদিনের রনজি ট্রফি ক্রিকেটের ম্যাচে বাংলা ১৪১ রানে গুজরাটকে পরাজিত করেছে। গতকাল চতুর্থ তথা শেষ দিনে সকালে বাংলা আট উইকেটে ২১৪ রান তুলে দ্বিতীয় ইনিংসের সমাপ্তি ঘোষণা করে। অনুষ্ঠানে মজুমদার ৫৮ রান করেন। গুজরাটের সিদ্ধার্থ দেসাই পাঁচ উইকেট নেন। ম্যাচ জয়ের জন্য গুজরাটের প্রয়োজন ছিলো ৩২৭ রানের। চা পানের বিরতির পর গুজরাটের দ্বিতীয় ইনিংস ১৮৫ রানে শেষ হয়ে যায়।

\*\*\*\*\*